প্রেস রিলিজ

ফ্লিপকার্ট হোলসেল কিরানা, স্থানীয় এমএসএমইদের জন্য ডিজিটাল প্ল্যাটফর্ম লঞ্চ করল

ফ্যাশন ক্যাটাগরি'র সঙ্গে শুরু করতে বি২বি হোলসেল সেক্টরে প্রবেশ করল ; প্রথম পর্যায়ে ৫০টি ব্র্যান্ড ও ২৫০টি'রও বেশি স্থানীয় উৎপাদকের সঙ্গে বাণিজ্যের লক্ষ্য

কিরাণা, রিসেলার ও এমএসএমইগুলি'র জন্য সহজ ধার-এর সুবিধা, বিস্তৃত রেঞ্জের নিশ্চিৎ গুণমানের প্রোডাক্ট, ফ্লিপকার্ট ইকোসিস্টেম থেকে মাইক্রো-মার্কেট স্তরের বি২বি ও বি২সি ইনসাইট এবং সহজ অর্ডার ট্র্যাকিং সুবিধা

বেঙ্গালুরু, ২ সেপ্টেম্বর, ২০২০ : ভারতের হোমগ্রাউন্ড ফ্লিপকার্ট গ্রুপের ডিজিটাল বি২বি মার্কেটপ্লেস, ফ্লিপকার্ট হোলসেল আজ স্থানীয় উৎপাদনকারী তথা খুচরো বিক্রেতাদের সঙ্গে সংযোগ স্থাপনের লক্ষ্যে এবং প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সমগ্র হোলসেল মার্কেটকে নিজেদের নখদর্পনে আনার জন্য এই ব্যবস্থা লঞ্চ করল।

ফ্লিপকার্ট হোলসেল হল রিটেল ইকোসিস্টেমের জন্য একটি ওয়ান-স্টপ সলিউশন, যা ভারতীয় ব্যবসাগুলিকে প্রযুক্তিগত শক্তি দ্বারা চালিত করে এবং তাদের ব্যবসার বৃদ্ধির লক্ষ্যে উল্লেখযোগ্য মূল্যে বিস্তৃত রেঞ্জের পণ্য সরবরাহ করে। এই প্ল্যাটফর্ম বর্তমানে ফ্যাশন রিটেলার, বিশেষ করে ফুটওয়ার ও পোষাক সরবরাহ করে গুরুগ্রাম, দিল্লি ও বেঙ্গালুরুতে। একইরকমভাবে মুম্বাইয়েও সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে।

ফ্লিপকার্ট হোলসেল এই বছরের শেষের মধ্যে আরও ২০টি শহরে হোম অ্যান্ড কিচেন ও গ্রসারি'র মত ক্যাটাগরি নিয়ে তাদের সম্প্রসারণের পরিকল্পনা করেছে। গুগল প্লে স্টোর-এর অ্যাপ-এর মাধ্যমে খুচরো বিক্রেতাদের পক্ষে সুবিধামত অ্যাসেসযোগ্য বি২বি ডিজিটাল প্ল্যাটফর্ম-এর লক্ষ্য রয়েছে- ২ মাসের মধ্যে ৩০০টি'রও বেশি স্ট্র্যাটেজিক পার্টনার যুক্ত করা এবং ২ লক্ষেরও বেশি তালিকা তৈরি করা। এছাড়াও, এই প্ল্যাটফর্ম আগামী দিনে ৫০টি ব্র্যান্ড ও ২৫০টি'রও বেশি স্থানীয় উৎপাদকের সঙ্গে ব্যবসা করতে সমর্থ হবে।

ফ্লিপকার্ট হোলসেল-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও হেড আদর্শ মেনন বলেন, 'ফ্লিপকার্ট হোলসেল ভারতীয় কিরাণা ও এমএসএমইগুলি'র জন্য প্রযুক্তির মাধ্যমে তাদের ব্যবসাকে সহজ করে তুলতে এবং ব্যবসার সমৃদ্ধি ঘটাতে মূল্যবান মূল প্রস্তাব তৈরি করেছে। বি২বিতে গ্রুপের মধ্যে শক্তিশালী সক্ষমতা সহ আমরা কিরাণা ও এমএসএমইগুলি'র চাহিদা পূরণের দিকে নজর দিয়ে এই ছোট ব্যবসাগুলিকে, তাদের জীবনকে সহজতর করে তোলার লক্ষ্যে প্রযুক্তিতে সমৃদ্ধ উল্লখযোগ্য মূল্যে বিস্তৃত সংগ্রহ প্রদান করবো। গ্রসারি, সাধারণ পণ্যসামগ্রী বা ফ্যাশন যা-ই হোক না কেন, এই ব্যবসাগুলি আকর্ষণীয় স্কিম ও ইনসেনটিভ সহ পণ্যসামগ্রী'র বিস্তৃত সিলেকশনে ওয়ান-স্টপ অ্যাকসেস পাবে। স্টক নির্বাচনের জন্য ডেটা-চালিত সুপারিশগুলির সঙ্গে পরিপূরক, আরও বেশি এফিসিয়েন্সি'র জন্য দ্রুত ও নির্ভরযোগ্য নেটওয়ার্ক-এর মাধ্যমে সরবরাহ করা হবে।'

ফ্লিপকার্ট হোলসেল গ্রাহকরা নগদের প্রবাহ পরিচালনার জন্য সহজ ক্রেডিট ফেসিলিটি'র অ্যাকসেস পাবে, বিস্তৃত রেঞ্জের ফ্লিপকার্ট গুণমানসমৃদ্ধ পণ্যের নিশ্চয়তা দিয়ে থাকে, সহজ ও সুবিধাজনক অর্ডার রিটার্ন এবং সহজ অর্ডার ট্র্যাকিং ফেসিলিটি সহ সরাসরি তাদের দোকানে দ্রুত পণ্যসামগ্রী সরবরাহ করে।

ফ্লিপকার্ট হোলসেল গ্রাহকরা তাদের সুনির্দিষ্ট ক্ষেত্রের গ্রাহকদের চাহিদা আরও ভালভাবে বুঝতে ফ্লিপকার্ট ইকোসিস্টেম থেকে মাইক্রো-মার্কেট স্তরের বি২বি ও বি২সি ইনসাইট লাভ করতে সক্ষম হবে যাতে তারা সঠিক পণ্য কিনতে ও ও বিক্রি করতে পারে। ফ্লিপকার্ট হোলসেল বেস্ট প্রাইস টিমের শক্তিশালী মার্চেন্ডাইজিং

এক্সপেরিয়েন্স, ব্র্যান্ডের সঙ্গে এর সুদৃঢ় সম্পর্ক, সার্ভিসিং কিরাণার গভীর ডিএনএ এবং বেস্ট প্রাইস স্টোর পরিচালনার জন্য ১২ বছরেরও বেশি অভিজ্ঞতাকে তুলে ধরবে। এগুলি অমূল্য অন্তর্দৃষ্টিকে এনে দেয় এবং অন-গ্রাউন্ড দক্ষতাকে তুলে ধরে। পাশাপাশি এই ধরণের মডেলকে লালিত করে ফ্লিপকার্ট হোলসেলের ব্যবসায় কিরাণা ও এমএসএমইগুলি'র প্রয়োজনীয়তাকে তুলে ধরে।

ভারত হল একটি ক্রমবর্ধমান বাজার এবং ফ্লিপকার্ট হোলসেল লঞ্চ করার ঘটনাটি হল ভারতের রিটেল ইকোসিস্টেমের সঙ্গে সংপৃক্ত থাকা কিরাণা ও এমএসএমইগুলি'র ব্যবসাকে ই-কমার্স সেগমেন্টে লিডারশিপে থাকা ফ্লিপকার্ট-এর শক্তিশালী হোমগ্রোন টেকনোলজি সক্ষমতা দিয়ে আরও সহজ করে তোলার দিকে একটি পদক্ষেপ। এই ব্যবস্থা ভারতে শিল্পের একটি সুন্দর বোঝাপড়া।

ফ্লিপকার্ট হোলসেল সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ভিজিট করুন https://flipkartwholesale.com/ **- এই ওয়েবসাইটে।**

ফ্লিপকার্ট হোলসেল অ্যাপ পাওয়া যাবে গুগল প্লে স্টোরে।

ফ্লিপকার্ট গ্রুপ সম্পর্কে

ফ্লিপকার্ট গ্রুপ হল ভারতে অন্যতম শীর্ষ স্থানীয় ডিজিটাল কমার্স এনটিটি এবং এই গ্রুপের অন্তর্গত কোম্পানিগুলির মধ্যে রয়েছে ফ্লিপকার্ট, মিন্ত্রা এবং ফোন পে। ২০০৭ সালে এর সূচনা হয়েছে। ফ্লিপকার্টের রয়েছে কয়েক মিলিয়ন গ্রাহক, বিক্রেতা, ব্যবসায়ী এবং ছোট ব্যবসায়ী। এই সব নিয়ে ভারতের ই-কমার্স দুনিয়ায় একটা বিপ্লব ঘটিয়ে দিয়েছে। এর নথিভূক্ত গ্রাহক ভিত্তি হল ২৫০ মিলিয়নেরও বেশি। তাদের জন্য রয়েছে ৮০টি'রও বেশি ক্যাটাগরির ১৫০ মিলিয়নেরও বেশি প্রোডাক্ট। ভারতে ই-কমার্সকে গণতন্ত্রীকরণ, অ্যাকসেস ও সাশ্রয়যোগ্যতা অর্জন, গ্রাহকদের সন্তুষ্টি, লক্ষ লক্ষ কর্মসংস্থান তৈরি এবং উদ্যোগীদের ও এমএসএমইগুলিকে শক্তিশালী করতে আমাদের প্রয়াস আমাদের অনেক শিল্পের নতুন বিষয়গুলিকে উদ্ভাবন করতে উৎসাহিত করেছে। আমাদের নতুন ডিজিটাল মার্কেটপ্লেস, ফ্লিপকার্ট হোলসেল লঞ্চ করার ঘটনাটি হল ভারতে কিরাণা ও এমএসএমইগুলি'র ব্যবসার বৃদ্ধিকে ত্বরান্বিত করার ক্ষেত্রে আমাদের দায়বদ্ধতার প্রমান। ফ্লিপকার্ট ক্যাশ অন ডেলিভারি, নো কস্ট ইএমআই এবং ইজি-রিটার্ন-এর মত গ্রাহক-কেন্দ্রিক পরিষেবার ইনোভেশনের জন্য পরিচিত যা লক্ষ লক্ষ ভারতীয়দের সামনে অনলাইন শপিংকে আরও অনেক বেশি সহজলভ্য ও সাশ্রয়ী করে তুলেছে। অনলাইন ফ্যাশন বাজারে বিশিষ্ট স্থান অর্জনকারী মিন্ত্রা'র সঙ্গে ভারতের দ্রুত বৃদ্ধিপ্রাপ্ত ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্ম, ফোন পে এবং এখন ফ্লিপকার্ট গ্রুপের ফ্লিপকার্ট হোলসেল একসঙ্গে প্রযুক্তির মাধ্যমে ভারতে ব্যবসার রূপান্তর চালিয়ে যেতে থাকবে।

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে লিখুন media@flipkart.com.